**বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**ঢাকা।**
**www.bb.org.bd**

**বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ**
(রেমিট্যান্স নীতি শাখা)

সার্কুলার পত্র নং- এফইপিডি(রেমিট্যান্স)৪৪/২০১৮-১০

তারিখঃ ১০-০২-১৪২৫ বাঃ
২৪-০৫-২০১৮ খ্রিঃ

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস ।

প্রিয় মহোদয়,

**১৪৩৯ হিজরী/২০১৮ খ্রিস্টাব্দে বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের বাড়ি ভাড়া, সৌদি আরবে প্রদেয় বিভিন্ন সার্ভিস চার্জ ও পরিবহন, অতিরিক্ত সার্ভিস চার্জ, খাওয়ার খরচ বাবদ অর্থ ই-পেমেন্ট সিস্টেমে স্ব-স্ব এজেন্সির ব্যাংক একাউন্ট (IBAN) এ প্রেরণ সংক্রান্ত।**

শিরোনামে বর্ণিত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের হজ শাখার ১৪.০৫.২০১৮ তারিখের ১৬.০০.০০০০.০০৩.১৮.০০৮.১৭.৪৯৭ নম্বর পত্রের (কপি সংযুক্ত) প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। হজযাত্রীদের নামের তালিকা দাখিল সাপেক্ষে স্ব-স্ব হজ এজেন্সির ব্যাংক একাউন্ট (IBAN) এর মাধ্যমে ১৪৩৯ হিজরী/২০১৮ সালে বেসরকারি ব্যবস্থাপনায় গমনেচ্ছু প্রত্যেক হজযাত্রীর জন্য সৌদি আরবে বাড়ি ভাড়া বাবদ সৌদি রিয়াল ৪,৩৫৭.৫০, সৌদি আরবে প্রদেয় বিভিন্ন সার্ভিস চার্জ ও পরিবহন বাবদ সৌদি রিয়াল ১,১৪৩.৪৫, অতিরিক্ত সার্ভিস চার্জ বাবদ সৌদি রিয়াল ১,৫৭১.৭৭ ও খাওয়ার খরচ বাবদ সৌদি রিয়াল ১,৩৪২.২৮ সর্বমোট সৌদি রিয়াল ৮,৪১৫.০০ (৪,৩৫৭.৫০+ ১,১৪৩.৪৫+১,৫৭১.৭৭+১,৩৪২.২৮) যথাযথ আর্থিক বিধি-বিধান অনুসরণ করতঃ সৌদি আরবে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৩। অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে সার্কুলার পত্রের বিষয়বস্তু সম্পর্কে অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী ঃ বর্ণনা মোতাবেক (এক পাতা)।

(মোঃ আব্দুল মান্নান)
উপ মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০৩১৯।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hajj.gov.bd

নং-১৬.০০.০০০০.০০৩.১৮.০০৮.১৭.৪৯৭

তারিখঃ ৩১ শে বৈশাখ / ১৪ মে, ২০১৮

বিষয়ঃ **১৪৩৯ হিজরী/২০১৮ খ্রি. সালে বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের বাড়ি ভাড়া, সৌদি আরবে প্রদেয় বিভিন্ন সার্ভিস চার্জ ও পরিবহন, অতিরিক্ত সার্ভিস চার্জ, খাওয়ার খরচ বাবদ অর্থ ই-পেমেন্ট সিষ্টেমে স্ব-স্ব এজেন্সির ব্যাংক একাউন্ট (IBAN) এ প্রেরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, ১৪৩৯ হিজরী/২০১৮ খ্রি. সালে বেসরকারী ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজযাত্রীদের হাজীপ্রতি সৌদি আরবে **বাড়ি ভাড়া= ৪৩৫৭.৫০, সৌদি আরবে প্রদেয় বিভিন্ন সার্ভিস চার্জ** ও পরিবহন = ১১৪৩.৪৫, **অতিরিক্ত সার্ভিস চার্জ= ১৫৭১.৭৭** ও খাওয়ার খরচ বাবদ ১৩৪২.২৮ সৌদি রিয়াল সর্বমোট (৪৩৫৭.৫০ + ১১৪৩.৪৫+ ১৫৭১.৭৭+১৩৪২.২৮) = ৮,৪১৫.০০ (আট হাজার চারশত পনের) সৌদি রিয়াল স্ব-স্ব এজেন্সির ব্যাংক একাউন্ট হতে **(IBAN) এর মাধ্যমে** সৌদি আরবে স্থানান্তরের বাধ্যবাধকতা রয়েছে।

০২। এমতাবস্থায়, হজযাত্রীদের নামের তালিকা ও বাড়ী ভাড়ার চুক্তিপত্র সম্পাদনের প্রমান দাখিল সাপেক্ষে সংশ্লিষ্ট হজ এজেন্সির মালিক/বৈধ প্রতিনিধিকে আর্থিক বিধি-বিধান অনুসরণ করতঃ সৌদি আরবে **বাড়ি ভাড়া, সৌদি আরবে প্রদেয় বিভিন্ন সার্ভিস চার্জ ও পরিবহন, অতিরিক্ত সার্ভিস চার্জ,** খাওয়ার খরচ বাবদ হাজীপ্রতি সর্বোচ্চ ৮,৪১৫.০০ (আট হাজার চারশত পনের) সৌদি রিয়াল সমপরিমাণ অর্থ স্থানান্তরের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

০৩। **বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।**

আব্দুল্লাহ আরিফ মোহাম্মদ
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৪৩২২
e-mail:morahajsection@gmail.com

গভর্ণর
বাংলাদেশ ব্যাংক
ঢাকা।
(দৃঃ আঃ মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রানীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা)।

নং-১৬.০০.০০০০.০০৩.১৮.০০৮.১৭.৪৯৭

তারিখঃ ১৪.০৫.২০১৮ খ্রিঃ

অনুলিপি কার্যার্থে (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নয়)ঃ

১. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
২. ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৪. পরিচালক, হজ অফিস, ঢাকা।
৫. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. মহাব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, স্থানীয় কার্যালয় শাখা, মতিঝিল, ঢাকা।
৭. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাত্তারা সেন্টার (১৬ তম তলা), হোটেল ভিক্টোরী, ৩০/এ, নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা (সংশ্লিষ্ট সকল এজেন্সিকে অবহিত করার অনুরোধসহ)।
৮. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিঃ, ১২, কাওরান বাজার, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. অফিস কপি।

আব্দুল্লাহ আরিফ মোহাম্মদ
সিনিয়র সহকারী সচিব